"মুজিববর্ষের অঙ্গীকার
ঘরে ঘরে গ্রন্থাগার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র সংক্রান্ত উপকমিটি সভার কার্যবিবরণী

২০২০-২০২১ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কাঠামোর ৩ নং ক্রমিক অনুযায়ী শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন করার লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের উপকমিটির সভা ০৪.০৮.২০২১ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১.০০ টায় কমিটির আহবায়ক জনাব মোছা: মরিয়ম বেগম,পরিচালক (উপসচিব) এর সভাপতিত্বে সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

১। জনাব মোছা: মরিয়ম বেগম,পরিচালক (প্রশাসন ও হিসাব),গণগ্রন্থাগার অধিদপ্তর।
২। পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর।
৩। ডক্টর মোহাম্মদ হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর।
৪। জনাব ফাতেমা খাতুন (পরিসংখ্যান ও পোর্টাল), লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।
৫। জনাব সোনিয়া চৌধুরী (পাঠকসেবা), লাইব্রেরিয়ান, গণগ্রন্থাগার অধিদপ্তর।
৬। জনাব খন্দকার আসিফ মাহতাব (প্রশাসন ও হিসাব),, সহকারী পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর।
৭। জনাব হারুন-অর-রশীদ (সংগ্রহ ও বিতরণ), সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।
৮। জনাব মো: ওমর আরিফ (পরিসংখ্যান ও পোর্টাল), , জুনিয়র লাইব্রেরিয়ান, গণগ্রন্থাগার অধিদপ্তর।
৯। জনাব রীপা দেব, রিডিংহল এ্যাসিসটেন্ট (পরিসংখ্যান ও পোর্টাল),, গণগ্রন্থাগার অধিদপ্তর।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিবকে আহবান জানান। সভায় সদস্য-সচিব মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৩ নং ক্রমিক অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	কার্যসমূহ	বাস্তবায়ন সম্পর্কিত তথ্য	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	গণগ্রন্থাগার অধিদপ্তরের বই ধার নীতিমালা।	সভায় সদস্য-সচিব জানান যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১১-০৭-২০২১ তারিখের নং : ৪৩.০০.০০০০.১১৩.২২.০০৯.১৩.৩৩৮ স্মারকে গণগ্রন্থাগার অধিদপ্তরের ৩টি নীতিমালা হালনাগাদকরণ ও ১টি নতুন প্রণয়নকৃত নীতিমালার উপর মতামত পাওয়া যায়, যা সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মতামতের উপর সংশোধনসমূহ নিম্নরূপ: গণগ্রন্থাগার অধিদপ্তরের বইধার নীতিমালা-২০২১ অনুচ্ছেদ ৫.৫ ভোটার আই ডি পরিবর্তে জাতীয় পরিচয়পত্র লিখা। সভায় সকলে একমত পোষণ করেন।	বই ধার নীতিমালা এর অনুচ্ছেদ ৫.৫ সংশোধন করতে হবে।	জনাব ফাতেমা খাতুন (পরিসংখ্যান ও পোর্টাল), লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।
০২।	গণগ্রন্থাগার অধিদপ্তরের পাঠ সামগ্রী ক্রয় নীতিমালা হালনাগাদকরণ।	গণগ্রন্থাগার অধিদপ্তরের পাঠ সামগ্রী ক্রয় নীতিমালা হালনাগাদকরণের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মতামতের উপর সংশোধনসমূহ নিম্নরুপ : ক) অনুচ্ছেদ ৭.১ এ মন্ত্রণালয় শব্দটির পরিবর্তে প্রশাসনিক মন্ত্রণালয় লিখা ।	পাঠ সামগ্রী ক্রয় নীতিমালা এর অনুচ্ছেদ ৭.১ , অনুচ্ছেদ ১১.২ সংশোধন করতে হবে।	জনাব ফাতেমা খাতুন (পরিসংখ্যান ও পোর্টাল), লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।

২৫

		খ) অনুচ্ছেদ ১১.২ এ সাম্প্রতিক মননশীল প্রবন্ধ/নিবন্ধ শব্দগলোর পরিবর্তে সাম্প্রতিক মননশীল অপারাপর প্রবন্ধ/নিবন্ধ লিখা । গ)) অনুচ্ছেদ ১১.১ এ দেশি পুস্তক বিভাজনে শরীর চর্চা বিষয়ক পুস্তক অন্তর্ভুক্ত করা । সভায় সকলে প্রশাসনিক মন্ত্রণালয়, সাম্প্রতিক মননশীল অপারাপর প্রবন্ধ/নিবন্ধ লিখায় একমত দেন । কিন্তু দেশি পুস্তক বিভাজনে শরীর চর্চা বিষয়ক পুস্তক অন্তর্ভুক্ত করার বিষয়ে অপরাপর বিষয়ক পুস্তক ক্রয়ের ক্ষেত্রে রাখার জন্য একমত পোষণ করেন । ।		
০৩।	গণগ্রন্থাগার অধিদপ্তরের পুস্তক ও পাঠসামগ্রী ছাঁটাই নীতিমালা হালনাগাদকরণ।	গণগ্রন্থাগার অধিদপ্তরের ছাঁটাই নীতিমালা নীতিমালা হালনাগাদকরণের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মতামতের উপর সংশোধনসমূহ নিম্নরুপ : ক) অনুচ্ছেদ ৪.৮এ পাক্ষিক লিখা । খ) অনুচ্ছেদ ৫ এ- পাঠসামগ্রী ছাঁটাই কমিটি গঠন ও কার্যপরিধি নির্ণয় করে নতুনভাবে অন্তর্ভুক্ত করা। গ) অনুচ্ছেদ ৭.৮ শব্দগুলো ৭.৪ এর পরে লিখা । সভায় সকলে একমত পোষণ করেন ।	পুস্তক ও পাঠসামগ্রী ছাঁটাই নীতিমালা-এর অনুচ্ছেদ ৪.৮, অনুচ্ছেদ ৫ ও অনুচ্ছেদ ৭.৮ শব্দগুলো ৭.৪ এর পরে লিখে সংশোধন করতে হবে	জনাব সোনিয়া চৌধুরী (পাঠকসেবা), লাইব্রেরিয়ান, গণগ্রন্থাগার অধিদপ্তর।
০৪	গণগ্রন্থাগার অধিদপ্তরের পত্র-পত্রিকা, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ নীতিমালা-প্রণয়ন।	গণগ্রন্থাগার অধিদপ্তরের পত্র-পত্রিকা, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ নীতিমালা- হালনাগাদকরণের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মতামতের উপর সংশোধনসমূহ নিম্নরুপ : ক) অনুচ্ছেদ ৭.৩ এ জেলা ও উপজেলা শব্দটির পরিবর্তে জেলা ও উপজেলা ও শাখা গ্রন্থাগারসমূহ লিখা ।	পত্র-পত্রিকা, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ নীতিমালা- এর অনুচ্ছেদ ৭.৩ সংশোধন করতে হবে ।	জনাব ফাতেমা খাতুন (পরিসংখ্যান ও পোর্টাল), লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।
০৫.	বিবিধ	গণগ্রন্থাগার অধিদপ্তরের বই ধার নীতিমালা , অধিদপ্তরের পাঠ সামগ্রী ক্রয় নীতিমালা , পুস্তক ও পাঠসামগ্রী ছাঁটাই নীতিমালা ও পত্র-পত্রিকা, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ নীতিমালাসমূহ ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মতামতের উপর প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রেরণ করার বিষয় সভা আলোচনা হয় ।	নীতিমালাসমূহ সংশোধনপূর্বক দ্রুত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রেরণ করতে হবে ।	জনাব ফাতেমা খাতুন (পরিসংখ্যান ও পোর্টাল), লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক,গণগ্রন্থাগার অধিদপ্তর।